ঐ সময়ে প্রত্যেক পরাক্রমী ও প্রশংসাপ্রাপ্ত ওমরা সিংহাসন প্রাপণার্থে নানা কৌশল করিতে লাগিল, তাহাতে বাদশাহ্ বংশের অমাত্যগণেরা কয়কোবাদের তিন বর্ষবয়স্ক পুত্রকে অন্তঃপুর হইতে বাহির করিয়া সিংহাসনে বসাইল, তৎপ্রযুক্ত সৈন্য দুই দল হইয়া নগরের উভয়পার্শ্বে আপনং ছাউনি করিয়া রহিল, তাহার মধ্যে তাতার দেশীয় সৈন্য শিশু বাদশাহের পক্ষপাতী হইল, এবং খিল্লিগী নামে পরাক্রমী আফগান্ জাতীয়েরা মালিক ফীরোজের পক্ষে হইল; ঐ ফীরোজ সে সময়ে সিংহাসন আক্রমণ করিয়া রহিয়াছিলেন. পরে তাহার সাহসেতে খ্যাত পুত্রেরা পাঁচ শত মনোনীত অশ্বারূঢ়ের অধ্যক্ষ হইয়া তাতারীয় সৈন্যের ছাউনিতে আক্রমণ করিল, ও তলবারদ্বারা পথ পরিষ্কার করিয়া বাদশাহের ছাউনিতে পঁহুছিয়া শিশু বাদশাহকে লইয়া গেল.

ইতোমধ্যে ফীরোজ কয়কোবাদ বাদশাহের বধার্থে একজন হত্যাকর্ত্তাকে পাঠাইলেন; কয়কোবাদ তৎকালে যমুনার তীরবর্ত্তি রাজগৃহে অসুস্থ হইয়া রহিয়াছিলেন. ঐ দুরাত্মা হত্যাকারী সে স্থানে গিয়া দেখিল যে ঐ দুর্ভাগ্য বাদশাহ্ শয্যার উপরে ম্রিয়মান এবং আপন অমাত্যগণকর্ত্তৃক ত্যক্ত হইয়া রহিয়াছিলেন, তাহাতে সে বাদশাহের মস্তকে দণ্ডাঘাতকরণদ্বারা তাহার স্বয়ং গমনোদ্যত প্রাণকে নির্গত করিল. পরে তাহার শরীর শয্যার বস্ত্রেতে আবৃত করিয়া গবাক্ষদ্বার দিয়া যমুনাতে নিক্ষেপ করিল.

এই নির্দয় কর্ম্ম সম্পন্ন হইলে ফীরোজ সিংহাসনে আরোহণ করিয়া জলালুদ্দীন নাম গ্রহণ করিলেন. ও নিষ্কণ্টকে রাজ্য করণে

away with the young prince, that he might reign with the fuller security. Thus ended the dynasty of Goar and commenced that of Chilligi.

This great revolution happened in the year 1289, the reign of Kobad continuing somewhat more than three years. The tribe of Chilligi, of whom Feroze was descended, inhabited the mountains on the confines of Persia. They made war their trade and always served as mercenaries under any power that chose to employ them. Feroze was seventy years of age when he mounted the Musnud; he then entirely laid aside his cruelty, and became remarkable for his humanity and benevolence. Having little confidence in the loyalty of the people of Delhi, he resided always at Kiloghur, which he strengthened with works, and adorned with fine gardens, and beautiful walks on the banks of the river.

The citizens of Delhi, however, perceiving the wisdom, lenity, and justice of the king, were gradually weaned from their attachment to the old family, and became friends and supporters of his government. Feroze himself gave great encouragement to the learned of that age. In the second year of his reign Chidjee, nephew to Balin, and nabob of Kurrah, in alliance with Halim, nabob of Oude, assumed the ensigns of royalty, and struck the currency in his own name. Intelligence of this insurrection ar-

ছলেতে ফীরোজ ঐ তিনবর্ষবয়স্ক বালককে নষ্ট করিলেন; এতদ্রূপ গোরের বংশের রাজত্ব অস্তগত হইয়া চিল্লীগীর বংশের রাজ্যোদয় হইল.

রাজ্যের এই মহাউপপ্লব বার শত উননব্বুই সনে হইয়াছিল. কয়কোবাদ কিঞ্চিদধিক তিন বৎসর রাজ্য করিলেন. চিল্লীগীরদের যে বংশহইতে ফীরোজ জন্মিয়াছিলেন তাহারা পারশী দেশের সীমাবর্ত্তি পর্ব্বতের উপরে বাস করিল. যুদ্ধই তাহারদের ব্যবসায়, এবং যে কোন রাজা তাহারদিগকে বেতন দিতেন তাহার পক্ষপাতী হইয়া যুদ্ধ করিত. ঐ ফীরোজ সপ্ততিবর্ষ বয়সের কালে সিংহাসনাক্রমণ করিলেন. পরে তিনি সকল নির্দ্দয়তা ত্যাগ করিয়া দয়ালুত্ব ও সুজনতাদ্বারা অভিখ্যাত হইলেন. অপর ঐ ফিরোজ দিল্লীর লোকেরদের ভক্তিতে বড় বিশ্বাস না করিয়া কয়লোগড় নামে দুর্গেতে বাস করিলেন. সে দুর্গ তিনি প্রস্তরদ্বারা অতিদৃঢ় করিলেন, এবং উত্তম উদ্যানদ্বারা ও নদী তীরে অত্যুৎকৃষ্ট পথদ্বারা সুশোভিত করিলেন.

কিন্তু দিল্লী নগরস্থ লোকেরা বাদশাহের জ্ঞান ও কোমলতা ও যাথার্থ্য দেখিয়া ক্রমে২ প্রাচীন বংশের প্রতিচ্যুতভক্তি হইয়া নূতন বংশের প্রতি মিত্রতা ও আনুকূল্য করিতে লাগিল. ফীরোজ স্বয়ংই তৎকালীন জ্ঞানবান লোকেরদের অতিসমাদর করিলেন. তাঁহার বাদশাহীর দ্বিতীয় বৎসরে কোরার নবাব বালিনের ভ্রাতৃপুত্র চিজ্জী অযোধ্যার নবাব হামিমের সহিত যোগ করিয়া বাদশাহের চিহ্নধারণ করিল, ও আপননামে মোহ

riving in the capital, Feroze collected his forces, and marched out to meet the rebels. He placed the Chilligian cavalry, under the command of Arkilli his son, who encountering the enemy about twenty-five miles from the city, defeated them. And having taken several Omrahs prisoners in the pursuit, mounted them upon camels, hung branches round their necks, and in that plight sent them to his father. Feroze on seeing them, immediately ordered them to be unbound, and an elegant entertainment to be provided, repeating a verse to this purpose: "That evil for evil was easily returned, but he only was great who could return good for evil." He then ordered them to retire, in full assurance of his forgiveness.

This lenity of the king gave great umbrage to the Omrahs of Chilligi, and they advised him to adopt the policy of Balin, who never pardoned a traitor. They desired, that at least a needle might be passed through the eyes of Chidjee, as an example to others. If that was not done, they averred, that treason would soon raise its head in every quarter of the empire; and should the Tartars once gain the superiority, they would not leave the name of Chilligi in Hindoost'han. The king answered, "I am now an old man, and wish to go down to the grave

র জারি করিল. এই বিষয়ের সমাচার দিল্লীতে পঁহুছিলে ফীরোজ সৈন্য একত্র করিয়া বিপক্ষেরদের সহিত যুদ্ধার্থে গমন করিলেন, তিনি চিল্লীগীয় অশ্বারোহিরদিগকে আপন পুত্র আরকিল্লীর অধীনে পাঠাইলেন, ঐ আরকিল্লী নগরহইতে সাড়ে বারো ক্রোশ পথ অন্তরে বিপক্ষেরদের সহিত সাক্ষাৎ হইলে তাহারদিগকে পরাজিত করিলেন, এবং তাহারদের পশ্চাৎ ধাবমান হইয়া তাহারদের কতক ওমরারদিগকে ধরিয়া উষ্ট্রের উপরে আরোহণ করাইয়া তাহারদের গলে বৃক্ষের শাখা বান্ধিয়া তদবস্থাতে আপন পিতার নিকটে পাঠাইলেন. পরে ফীরোজ তাহারদিগকে দেখিবামাত্র তাহারদের বন্ধন মোচন করাইয়া তাহারদিগকে উৎকৃষ্টরূপে ভোজন করাওত এই কাব্য শুনাইলেন, যে মন্দের প্রতি মন্দ অনায়াসে করা যায় কিন্তু যে ব্যক্তি মন্দের প্রতি ভাল করে সে কেবল মহৎ. অনন্তর তিনি তাহারদের সকলের অপরাধ ক্ষমা করিয়া তাহারদিগকে বিদায় করিলেন.

বাদশাহের ঐ কোমলাচারেতে চিল্লীগীয় ওমরারা অত্যন্ত ক্রোধান্বিত হইল, ও বলিল যে কদাচ বিপক্ষ লোকের প্রতি ক্ষমা করিলেন না, তাদৃশ কর্ম্ম করণে পরামর্শ দিলেন. এবং তাহারা এই যাক্রা করিল যে অন্যেরা ভয়ান্বিত হয় তৎপ্রযুক্ত চিজ্জীর চক্ষুতে অন্ততঃ শলাকা প্রবেশ করাউন, যদি এমত না করেন তবে রাজ্যের প্রত্যেক ভাগে অসন্মত লোকেরা অবশ্য মস্তক তুলিবে. এবং যদি তাতারীয়েরা বৰ্দ্ধিষ্ণু হয় তবে হিন্দুস্থানের মধ্যে চিল্লীগীর নামও রাখিবেক না. তাহাতে বাদশাহ এই প্রত্যুত্তর করিলেন, যে আমি রাজ্যার্থে অতএব রক্তপাত না করিয়া

without shedding blood." This behaviour of the emperor had soon the effect which the Chilligian chiefs foresaw. The streets and highways were infested by banditti, and villainy became almost a trade in the empire, while insurrections were heard of in every province.

The omrahs of Chilligi alarmed at these proceeding, began to consult about deposing Feroze, and for this purpose held a meeting one day at an entertainment; but having intoxicated themselves, they began openly to talk of assassinating the emperor. While they were in this situation, one of the company privately withdrew, and running to Feroze repeated every particular of what he had heard. The emperor immediately ordered a guard to surround the house, who, having seized the Omrahs, brought them all before him. Having upbraided them with their treason, he drew his sword, and throwing it upon the ground challenged the boldest of them to wield it against him; but they fell upon their faces, and remained silent and confounded. He then upbraided them for their conduct, and advising them to behave better for the future, dismissed them with his pardon.

In the year 1291 one of the kinsman of Hallacu, invaded Hindoost'han with ten tomans of Moguls. Feroze collected his army, and moved forward to op-

মৃত্যুর আশ্রয়ে যাইতে বাসনা করি. বাদশাহের এই রূপ ক্রিয়াতে দিল্লীর অধ্যক্ষেরা যে ভাবি বিষয় কহিয়াছিল সেই প্রত্যক্ষ হইল; সকল পথ ও রাজমার্গ দস্যুব্যাপ্ত হইল, এবং রাজ্যের মধ্যে দস্যুতা এক ব্যবসায় হইল, এবং প্রত্যেক প্রদেশে উপপ্লবের শব্দ উঠিল.

দিল্লীর ওমরারা এই সকল ক্রিয়াহেতুক ভয়যুক্ত হইয়া ফীরোজকে সিংহাসনভ্রষ্ট করিবার পরামর্শ করিতে লাগিল, এবং তন্নিমিত্ত এক দিবস নিমন্ত্রণ স্থলেতে একত্র হইল ও সেই স্থানে যথেষ্ট মদ্যপানপূর্ব্বক মত্ত হইয়া রাজার বধের বিষয়েতে উচ্চৈঃস্বরে মন্ত্রণা করিতে লাগিল. এই অবস্থা সময়ে ঐ পরামর্শি লোকেরদের মধ্যে এক জন অতিশীঘ্র ফীরোজের নিকটে গিয়া সকল বৃত্তান্ত জানাইল. ফীরোজ তাহা শুনিয়া তৎক্ষণে সৈন্য দ্বারা পরামর্শস্থল বেষ্টন করিয়া ওমরারদিগকে ধরিয়া আপন সম্মুখে আনিলেন ও তাহারদিগের কৃতঘ্নতা জন্য অনুযোগ বাক্য কহিয়া তাহারদিগের সম্মুখে মৃত্তিকাতে আপন তলোয়ার নিক্ষেপ করিয়া কহিলেন, যে তোমারদিগের মধ্যে অধিক বল বুদ্ধি ও শূরত্ব যাহার থাকে সে আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হও; ইহা শুনিয়া তাহারা চিত্রার্পিত হইয়া রহিল. অনন্তর বাদশাহ্ তাহারদিগকে লজ্জা দিয়া ও তৎপর সুরীতিগ্রহণ স্বীকার করাইয়া উপস্থিতাপরাধ ক্ষমাপূর্ব্বক বিদায় করিলেন.

সন ১২৯১ সালে হালাকুর এক কুটুম্ব দশ তমাম মোগল সৈন্য লইয়া হিন্দুস্থান আক্রমণ করিলেন; ফীরোজ আপন সৈন্য

pose them. The Moguls after an obstinate contest, were overthrown, many of their chiefs killed. To Hallacu, and the rest of the Moguls who became true believers, was allotted a certain district near the city, where they built for themselves houses, and raised a considerable town, known by the name of Mogulpullee.

In the mean time Alla-ood-deen, the king's nephew requested permission to march against the Hindoos of Bilsa, who infested his province. Having obtained leave, he marched thither the same year, took Bilsa and having pillaged the country, returned with much spoil, part of which was sent as a present to the emperor; and among other articles a large brazen idol, which was thrown down at the Budaoon gate.

(To be Continued.)

Of the Great famine in Bengal.

The chief produce of Bengal is rice, of which a considerable part is exported into other countries. By various accidents, however, the crop sometimes fails and a famine ensues; of these there have been many instances in Bengal as well as in other parts of Hindoost'han. One of the most deplorable of this kind happened in the year 1770. The Na-

একত্র করিয়া তাহারদের বারণার্থ যাত্রা করিলেন. অতিশক্ত যুদ্ধানন্তর তাহারা পরাজিত হইল ও তাহারদের অনেক সেনাপতি হত হইল. হাল্লাকু ও যে অন্যং মোগলেরা মহম্মদে বিশ্বাসী হইল তাহারদিগকে নগরের নিকটে রাজা এক প্রদেশ দিলেন, সেখানে তাহারা গৃহাদি প্রস্তুত করিয়া এক প্রসিদ্ধ নগর বসাইল ও তাহার নাম মোগলপল্লী রাখিল.

ইতোমধ্যে বাদশাহের ভ্রাতৃপুত্র আলাউদ্দীন স্বদেশে রহী রাজ্যকারি ভিল্লাস্থিত হিন্দুরদের সহিত যুদ্ধ করিবার কারণ বাদশাহের নিকটে প্রার্থনা করিলেন. তিনি বাদশাহের আজ্ঞানুসারে সেই বৎসর যাত্রা করিয়া ভিল্লা নগর লইলেন ও সে দেশ লুট করিয়া অনেক সম্পত্তি সমেত পুনঃ প্রত্যাগমন করিলেন, ও লুণ্ঠিত ধনের কতক ভাগ বাদশাহের নিকটে পাঠাইলেন; তাহার মধ্যে এক পিত্তলময়ী মহাপ্রতিমা ছিল তাহা বদাউনের সিংহদ্বারে ফেলা গেল.

(ইহার শেষ কথা আগামী ভাগে দেওয়া যাইবেক.)

বঙ্গভূমির মহাদুর্ভিক্ষ.

বঙ্গভূমির প্রধান উৎপন্ন বস্তু ধান্য, তাহার অনেক অন্যং দেশে প্রেরিত করা যায়, দৈবাৎ কখনং ফসল না জন্মিলে দুর্ভিক্ষ হয়. এইরূপ দুর্ভিক্ষ বঙ্গভূমিতে ও হিন্দুস্থানের অন্যং ভাগে কখনং হইয়াছিল. সন ১১৭৬ সালে বাঙ্গালা দেশে এইরূপ অতিঘোর

bob and several other great men distributed rice gratis to the poor until their stock began to fail, when those donations were of consequence withdrawn. Vast multitudes then came down to Calcutta, the principal English settlement in the province, in hope of meeting with relief. The granaries of the Company however, being quite exhausted none could be afforded; so that when the famine had prevailed a fortnight, many thousands fell down in the streets and fields, whose bodies, mangled by dogs and vultures, corrupted the air and seemed to threaten a plague as the consequence of the famine. A hundred people were daily employed on the part of the Company, with doolees, sledges and bearers to throw the bodies into the river. The fish could not be eaten, the river being so full of carcases; and many of those who ventured to feed upon them died suddenly.

In the month of August a most alarming phenomenon appeared at a distance in the air, of a large black cloud, which sometimes obscured the sun, and seemed to extend a great way over and above Calcutta. The hotter the day proved, the lower the cloud seemed to descend, and for three days it occasioned great speculation. On the third day, the weather being very hot and cloudy, it descended so low as to be plainly seen. It was found to be a

দুর্ভিক্ষ হইয়াছিল, তৎকালে নবাব ও অন্যং ভাগ্যবান্ লোকেরা দরিদ্র লোকেরদের মধ্যে অনেক তণ্ডুল দান করিয়াছিলেন, কিন্তু শেষে তাঁহারদের ভাণ্ডার শূন্য হওয়াতে দান নিবৃত্ত হইল. ইহাতে অনেক দুঃখি লোক জীবনোপায় প্রত্যাশাতে তৎকালীন ইংলণ্ডীয়েরদের প্রধান বসতিস্থান কলিকাতায় আইল. কিন্তু তখন কোম্পানীর ভাণ্ডারে দ্রব্যাভাবপ্রযুক্ত আহারদের কোন উপায় হইল না. ইহাতে যে দুর্ভিক্ষারম্ভের দুই সপ্তাহ পরে সহস্রং লোক রাজপথে ও মাঠেস্থানেং পড়িয়া মরিল. এবং কুক্কুর ও শকুনিদ্বারা ঐ সকল মৃত শরীর ছিন্নভিন্ন হওয়াতে বায়ু অনিষ্টকারী হইল, তাহাতে সকলের ভয় জন্মিল যে এই দুর্ভিক্ষের পশ্চাৎ মহামারী আসিতেছে. কোম্পানীর প্রেরিত এক শত লোক নিযুক্ত ছিল, তাহারা ডুলি ও ঝোড়াদ্বারা ঐ সকল মৃত শরীর নদীতে ফেলিত, তৎপ্রযুক্ত নদীর জল এমত শবেতে পুরিল যে তাহার মৎস্য অখাদ্য হইল, এবং অনেক মৎস্যভোজী তৎক্ষণাৎ মরিল.

তৎসময়ে আগষ্ট মাসে অতিদূর আকাশে একটা ভয়ানক দুর্লক্ষণদর্শন হইল ; তাহার বর্ণ কৃষ্ণ মেঘের ন্যায়, সে কখনং সূর্য্যকে আচ্ছাদিত করিল, এবং কলিকাতার উপরি তাহা অনেক দূরপর্য্যন্ত ব্যাপ্ত হইল ; যে দিন অতিশয় গ্রীষ্ম সেই দিন ঐ মেঘ নীচে দৃষ্ট হইল, তাহাতে তিন দিনপর্য্যন্ত লোকেরদের অনেক ভাবনা জন্মিল. তৃতীয় দিবসে মেঘাবৃত ও অতিশয় গ্রীষ্ম হইলে ঐ কৃষ্ণ মেঘ এত নীচে আইল যে সকলে সুন্দর রূপ

cloud of locusts about the size of a horse-stinger, with a long red body, large head and eyes. They kept close together like a swarm of bees, and to appearance flew quite in a line, though none were caught as the people were too much alarmed. Whilst it rained they continued in one position for nearly a quarter of an hour; they then rose five or six feet at once, and in a little time descended as much until a strong north-west wind came on which blew for two days successively. During its continuance they ascended and descended, but more precipitately than before; but the next morning the air was completely free from them. For some days before the cloud made its appearance, the toads, frogs, and insects, which during the rains had made a continual noise through the night, completely disappeared and were neither heard nor seen, except in the river.

This dreadful famine was occassioned by a preternatural draught. In this country there are two harvests; one called the *little harvest*, which consists of the smaller grain; the second called the *grand harvest*, which consists of rice. But by a draught which happened in 1769, the great harvest of that year failed, as did also the one of 1770, which produced the dreadful consequences already mentioned.

This famine is still remembered by the natives of Bengal, and many of the aged mention the events of

দর্শন করিতে পাইল, তখন বিশেষরূপে জানা গেল যে দংশ কীটের মত বড় পতঙ্গ রক্তবর্ণশরীর ও মস্তক ও চক্ষু বড় ও মধু মক্ষিকার মত শ্রেণীবদ্ধ উড়িবার সময়ে অতিধ্বজ দেখার ন্যায়; কিন্তু তাহাহইতে লোকেরদের এমত ভয় হইল যে কেহ তাহার একটাকেও ধরিল না. সাঁইত্রিশ পলপর্য্যন্ত বৃষ্টি সমকালীন সকলে এক স্থানে নিশ্চিন্ত রূপে রহিল. পরে চারি হস্ত উর্দ্ধে উঠিল এবং কিঞ্চিৎকাল পরে তত নামিল, পরে বায়ু কোণহইতে একটা বায়ু উঠিয়া দুই দিনপর্য্যন্ত থাকিল, ঐ বায়ুসম্বন্ধে পূর্ব্ব মত উঠিল ও নামিল কিন্তু অধিক শীঘ্রুরূপে. তাহার পর তিন দিন অতিপুষ্কলে আকাশ শূন্য দেখা গেল. এই মেঘদর্শন হওনের পূর্ব্ব কতক দিন ভেক ও কীটাদি রাত্রিকালে বৃষ্টি পতন সময়ে অবিরত শব্দ করিয়াছিল, তাহারা এককালে এমত অদৃশ্য হইল যে নদীভিন্ন আর কোনখানে তাহারা দেখা গেল না ও শুনা গেল না.

এই মহাদুর্ভিক্ষ জলাভাবপূর্ব্বক হইয়াছিল. বঙ্গভূমিতে দুই ফসল জন্মে, এক ফসল ক্ষুদ্র শস্য ও অন্য মহাফসল ধান্যাদি. কিন্তু ১৭৬৯ সালে জলাভাবপূর্ব্বক মহাফসল ধান্যাদি জন্মিল না, এবং সন ১৭৭০ সালেও ক্ষুদ্র ফসল জন্মিল না ইহাতেই পূর্ব্ব লিখিত দুর্দশা উপস্থিত হইয়াছিল.

এই দুর্ভিক্ষ অদ্যাপি বঙ্গভূমিস্থ লোকেরদের মনহইতে লুপ্ত হয় নাই. এবং অনেক বৃদ্ধ লোকেরা আপনারদের যৌবনকা

their youth as having happened either before or after it. An English gentleman of high rank in Calcutta, made every effort to collect grain for gratuitous distribution. The wretchedness of the people occasioned many to sell their children for rice, who obtained by this means a temporary relief at the expense of the finest feelings of humanity. This gentleman ordered his servants to purchase every child thus offered, and to provide for its maintenance during the scarcity, by which means many hundred children were brought under his care and preserved from the jaws of famine. On the return of plenty, he proclaimed throughout the country that all those who were desirous of receiving back their children, might obtain them freely. It is remarkable, that of all those who had thus sold their offspring, only one poor old woman returned to claim her son, who was both deaf and dumb.

Of the Comets.

The comets appear at certain intervals in the heavens with an aspect very different from the planets; they are very numerous and no fewer than four hundred and fifty are supposed to belong to our solar system. They are called comets from their having a long tail; this however is not always the case, for some comets have appeared as round as

শ্রীম ক্রিয়ার সময় সেই দুর্ভিক্ষ বৎসরদ্বারা গণনা করেন, সেই সময়ে কলিকাতার উচ্চপদস্থ এক জনইংগ্রেজীয় সাহেব দানার্থে তণ্ডুল সঞ্চয় করিতে উদ্যোগ করিলেন, এবং লোকেরা স্বং আহারার্থে স্বং সন্তান বিক্রয় করিতে উদ্যত হইল, ইহাতে সেই বিনিময়ে যৎকিঞ্চিৎ কালের আহারমাত্র তাহারা পাইল. ঐ সাহেব আপন চাকরেরদিগকে আজ্ঞা করিলেন যে যত বালক বিক্রয় করিতে আসিবেক তাহারদিগকে ক্রয় কর, এবং যাবৎ দুর্ভিক্ষ থাকিবেক তাবৎ তাহারদিগকে আহার দেও. ইহাতে অনেক শত বালক তাঁহার দয়াপূর্ব্বক মৃত্যু হইতে রক্ষা পাইল. পুনর্ব্বার সুভিক্ষকাল হইলে সর্ব্বত্র ঘোষণা দিলেন যে যে২ লোকের সন্তান আমার এখানে আছে তাহারা লইতে চাহিলে বিনা মূল্যে তাহারদিগকে পাইবেক. এই আশ্চর্য্য যে ইহা শুনিয়াও পুত্র লইতে কেহই আইল না, কেবল এক বৃদ্ধা স্ত্রী বধির ও বোবা আপনার পুত্রকে লইতে আইল.

ধূমকেতু বিষয়ে.

আকাশ খণ্ডে কোনং সময়ে ধূমকেতু দর্শন হয়, কিন্তু গ্রহ হইতে তাহারদিগের আকৃতির অনেক বৈলক্ষণ্য. তাহারা অধিকসংখ্যক এবং আমারদিগের সৌর জগতে অনুমান চারি শত পঞ্চাশের ন্যূন নহে. তাহারদের নাম ধূমকেতু যেহেতুক তাহারদিগের দীর্ঘ লাঙ্গুল আছে, কখনং বিনা লাঙ্গুলে গ্রহের ন্যায় গোলাকৃতি দর্শন হয়, কিন্তু বাস্তবিক তাহারদিগের চতুর্দ্দিগ

the planets; but in general they have a luminous matter diffused around them or projecting from them. They often appear in a direct line towards the sun as though they were going to fall into his body; and after having disappeared for some time in consequence of their proximity to him, fly off on the other side as fast as they came, projecting a tail much greater and brighter in their recess from that luminary than when they approach him. Their apparent magnitude is very variable; sometimes they appear only of the bigness of the fixed stars; at other times they equal the diameter of Venus and sometimes even of the Sun and Moon. Their apparent motion is also very unequal; sometimes appearing to go forward, sometimes backwards, and sometimes to be stationary. A comet is generally attended with a tail whereby it is distinguished from a star or planet, though of some comets the tail alone has been visible. As the tail is owing to the heat of the sun, it grows larger as the comet approach near to, and shortens as it recedes from that luminary.

There are two comets, viz. those of 1680, and 1744, that deserve a more particular account. The comet of 1680 was remarkable for its near approach to the sun; so near that in its perihelion it was not above a sixth part of the diameter of that luminary from the surface of it. The comet of 1744

ব্যাপ্ত কিম্বা পশ্চাদ্ভাগহইতে নির্গত জ্যোতির্ময় এক পদার্থ আছে সে কখনং সূর্য্যের প্রতি অভিমুখে থাকে. অনুমান হয় যে সূর্য্যের পরিধিমধ্যে প্রবেশ করিতেছে সূর্য্যের অত্যাসন্নপ্রযুক্ত কিছু কাল অদৃশ্য হয়, পরে যেরূপ বেগে সূর্য্যের প্রতি গমন করে; তাহার অধিক বেগে সূর্য্যহইতে পরাবৃত্ত হয় ও সূর্য্যের নিকট ভ্রমন কালাপেক্ষা সূর্য্যহইতে গমনকালে লাঙ্গুল অধিক বড় ও জ্যোতির্ময় দেখা যায়, পৃথিবীরূপে বৈলক্ষণ্য দেখা যায়. কখনং নিশ্চল তারার মত ক্ষুদ্র দেখা যায়, অন্যং সময়ে গ্রহের মত ও কখনং সূর্য্য ও চন্দ্রের মত বড় দেখা যায়; তাহারদের দৃষ্টান্ত রূপ গতির সমান নহে কখনং বক্রগতি করিয়া কখন পশ্চাৎ চলিয়া কখন নিশ্চল. ধূমকেতু প্রায় সর্ব্বত্র দেখা যায় সেই চিহ্নদ্বারা অন্য গ্রহও তারাহইতে তাহার ভেদ প্রকাশ হয়, কিন্তু কখনং অনেক ধূমকেতুর কেবল লাঙ্গুল দেখা যায়, সূর্য্যের দ্বারা লাঙ্গুল হয়. অতএব সূর্য্যের নিকটবর্ত্তী হইলে বড়, এবং দূরবর্ত্তী হইলে ছোট দৃষ্ট হয়.

১৬৮০ সনে ও ১৭৪৪ সনে যে দুই ধূমকেতু প্রকাশ হইয়াছিল তাহারদিগের বিস্তারিত লিখা উচিত ১৬৮০ সনের ধূমকেতু সূর্য্যের অতিনিকট হওয়াপ্রযুক্ত আশ্চর্য্য বোধ হয়, সে সূর্য্যের এত নিকটগামী যে আসন্নকালে সূর্য্যের ব্যাসের ষষ্ঠাংশের অধিক সূর্য্যহইতে দূর ছিল না. ১৭৪৪ সনের যে ধূমকেতু সে

was first seen at Lausanne in Switzerland, December 13, 1743. It came so near to Mercury, that if its attraction had been proportionable to its magnitude, it was thought probable it would have disturbed the motion of that planet.

Of all the celestial bodies, comets have given rise to the greatest number of speculations and conjectures. Their strange appearance has in all ages been a matter of terror to the vulgar, who have uniformly considered them as evil omens and as the forerunners of war, pestilence, and misfortune. It was not till some time after people began to throw off the fetters of superstition and ignorance in which they had so long been bound, that any rational hypothesis was formed concerning them. Tycho Brahe was the first who restored them to their true rank in the creation. Before his time, several comets had been observed with tolerable exactness yet they were all considered as below the moon. But Tycho, being provided with much better instruments set himself with great diligence to observe the famous comet of 1577, and from many careful observations deduced that it had no sensible diurnal parallax, and was therefore above the regions of our atmosphere.

Dr. Halley in order to ascertain the periods of the comets, set himself to collect all the observations which had been made by which he calculated the

পুনশ্চ ১৭৮৩ সনের ১৩ ডিসেম্বর নিউইঞ্জেলণ্ডের সালাম নগরে দেখা গেল, সে বুধ গ্রহের এমত নিকটে আইল যে যদি তাহার মহত্ত্বানুসারে আকর্ষণ শক্তি থাকিত তবে বুধ গ্রহের চলনের বক্রতা হইত.

সকল সৌর জগৎ পদার্থের মধ্যে ধূমকেতুর বিষয়ে অধিক অনুমান ও ভাবনা জন্মিয়াছে. পৃথিবীর সৃষ্টি অবধি তাহারদিগের চমৎকারাকৃতিদ্বারা ইতর লোকেরদিগের মনে ভয় জন্মিয়াছে, এবং নিত্য তাহাকে অনিষ্টসূচক ও যুদ্ধ ও মারী ও দুর্দশার অগ্রগামী জানিয়াছে. লোকেরা অজ্ঞানতা ও মিথ্যা ভয়ের যে বন্ধনেতে বদ্ধ ছিল সে বন্ধন হইতে যখন মুক্ত হইল তখন ধূমকেতুর বিষয়েতে যথার্থ অনুমান করা গেল. সৌর জগতের মধ্যে ধূমকেতুর স্থান যিনি প্রথম নিশ্চয় করিয়াছেন তাহার নাম টিকো ব্রাহী. তাহার পূর্ব্বে কতগুলি ধূমকেতুদর্শন হইয়াছিল কিন্তু তাহার স্থান নিশ্চয় না হওয়াতে সকল লোকের অনুমান হইয়াছিল যে ধূমকেতু চন্দ্রকক্ষার নীচে. কিন্তু টিকো উত্তম দূরবীণদ্বারা ১৭৫৭ সনের আশ্চর্য্য ধূমকেতুকে মনঃসংযোগপূর্ব্বক দর্শন করিলেন, এবং বিলক্ষণ বিবেচনাতে নিশ্চয় করিলেন যে তাহারদের দৈনন্দিন গমন অননুভবনীয়, ইহাতে আমারদিগের আকাশের উচ্চেতে তাহারদিগের স্থান নিশ্চয় করিলেন.

ধূমকেতুরদিগের প্রত্যাগমন নিশ্চয় করিবার কারণ ডাক্তর হালি সাহেব নামে এক পণ্ডিত সকল ধূমকেতুর নিদর্শন একত্র

periodical times of 24 of them. By computations founded on these data, the Doctor concluded that the comet of 1682 was the same which had appeared in 1607 and 1531; that it had a period of 75 or 76 years and he ventured to fortel that it would return about the year 1758. The comet which appeared in 1661 was supposed to be the same with that of 1532, and to have a period of 129 years.

Astronomers are now generally agreed, that comets are opaque bodies, enlightened by the sun, and possessing very different magnitudes. Various conjectures have been formed respecting their tails though it is universally acknowledged that they depend on the sun some how or other, and for this plain reason, that they are always turned from him; but in what manner this is accomplished, we cannot easily determine. The velocity of comets is indeed sometimes inconceivably great. Mr. Brydone observed one, in July 1770, which in twenty-four hours described an arch in the heavens, by which he supposes that if it was as far distant as the sun, it must have moved at the rate of upwards of sixty millions of miles in a day. The near approach of some comets to the sun subjects them to intense and inconceivable degrees of heat. Newton calculated that the heat of

করিয়া চব্বিশটার গমন নিশ্চয় করিলেন. ইহার দ্বারা গণনা করিয়া ঐ পণ্ডিত সাহেব দেখিলেন যে ১৬০৭ সনে ও ১৫৩১ সনে যে ধূমকেতু দেখা গেল সেই ধূমকেতু ১৬৮২ সনে পুনর্ব্বার দৃষ্ট হইল. ইহাতে জানিলেন যে পচাত্তর কিম্বা ছেয়াত্তর বৎসর অন্তর ধূমকেতু একবার প্রদক্ষিণ করে. তৎপ্রযুক্ত অনুমান করিলেন যে সে ১৭৫৮ সনেও পুনর্ব্বার দেখা যাইবেক, এবং ১৫৩২ সনে এক ধূমকেতু দেখা দিলো পুনর্ব্বার ১৬৬১ সনে দৃষ্ট হইল, তাহাতে তাহার প্রদক্ষিণ কাল এক শত ঊনত্রিশ বৎসর নিশ্চয় করিলেন.

জ্যোতির্ব্বেত্তারা এই নিশ্চয় করিয়াছেন যে ধূমকেতু গ্রহাকার ন্থ সূর্য্যহইতে আলোক পায়, এবং তাহারদিগের অদ্ভুত মহত্ত্বে কেবলমাত্র আছে, তাহারদিগের লাঙ্গুলের বিষয় অনেক সন্দেহ করা গিয়াছে কিন্তু সাধারণরীত এই যে সূর্য্যের তেজোদ্বারা কোন প্রকারে সে জন্মে, যেহেতুক লাঙ্গুলের মূল শীর্ষস্থিত এবং তাহার অগ্রভাগ দূরবর্ত্তী ; কিন্তু কি প্রকার তেজঃ পতনে কিপ্রকার হয় তাহার নিশ্চয় জানা যায় না. ধূমকেতুর বেগগমন কোনং সময়ে প্রায় অবিশ্বসনীয় ; ১৭৮০ সনের জুলাই মাসে মুইটেন সাহেব এক ধূমকেতু দর্শন করিল যে চব্বিশ ঘণ্টার মধ্যে আকাশ পথে এত দূর গামী হইল যে সে যদি আমারদিগের সূর্য্য হইতে দূরবর্ত্তী হইত তবে ঐ সাহেবের গণনানুসারে সে ধূমকেতু এক মিনিটের মধ্যে তিন কোটি ক্রোশ চলিত. কোনং ধূমকেতু সূর্য্যের এত নিকটবর্ত্তী হয় যে তাহারদের যাতে অবিশ্বাসনীয় অশেষ দুঃখ হয়. নিউটন সাহেব গণিয়া দেখিলেন যে ১৬৮০

the comet of 1680, must have been nearly 2000 times as great as that of red hot iron. Another philosopher adds, that if so large a body, with so rapid a motion as that of this comet, were to strike against the earth, a thing by no means impossible, the shock might reduce this beautiful frame to its original chaos.

Of the manner of Bird-catching in the Fero Isles.

The manner of bird-catching in the Fero islands is so very strange and hazardous, that the description is worthy of perusal. Necessity compels mankind to wonderful attempts. The cliffs which contain the objects of research are often two hundred fathoms in height, and are attempted from above and below. In the first case, the men provide themselves with a rope 80 or 100 fathoms in length. The fowler fastens one end of it about his waist and between his legs, recommends himself to the protection of the Almighty, and is lowered down by six others, who place a piece of timber on the margin of the rock, to preserve the rope from wearing against the sharp edge. They have besides a small line fastened to the body of the adventurer, by which he gives signals to lower or raise him or to shift him from place to place. The last operation is attended with great danger, by the loosing of the stones, which often fall

সদে ধূমকেতু জ্বলৎ লৌহহইতে দুই সহস্রগুণ উত্তপ্ত. অন্য এক পণ্ডিত কহিয়াছেন, যে এই ধূমকেতুর তুল্য বেগগামী ও তত্তুল্য মহৎ কোন পদার্থ যদি এই পৃথিবীর উপরে আঘাত করিত তবে এই সুদৃশ্য পৃথিবীর মূল পঞ্চভূত পুনর্ব্বার নিরাশ্রয় হইত.

ফেরো উপদ্বীপে পক্ষিধারণোপায়.

ফেরো উপদ্বীপে পক্ষিধারণের উপায় এমত আশ্চর্য্য ও অতি দুষ্কর যে সে শ্রবণোপযুক্ত মনুষ্যবংশের মধ্যে আবশ্যকতা পযুক্ত আশ্চর্য্য উপায় জন্মে; যে গুহার মধ্যে অন্বেষণীয় বস্তু থাকে সে কোনং স্থানে আট শত হস্ত ঊর্দ্ধবর্ত্তী, পক্ষিধারকেরা নীচহইতে ও উপরহইতে অন্বেষণ করে; উপরহইতে অন্বেষণ সময়ে তাহারা চারি শত হাত দীর্ঘ রজ্জু এক দিগে আপন কটিদেশে তে বদ্ধ করিয়া উরুদ্বয়ের মধ্যে দিয়া বাহির করে, অন্য ছয় জন ঐ রজ্জু ছিন্ন না হওয়ার কারণ পর্ব্বতের ধারে একখান কাষ্ঠ রাখে; অপর ঐ পক্ষিধারকেরা পরমেশ্বরে ভরসা রাখিয়া ঐ রজ্জুর এক ভাগ উপরিস্থ ছয় জনের হাতে দিয়া ঐ রজ্জুর দ্বারা নীচে নামে. তাহার শরীরে আর এক সূক্ষ্ম রজ্জু বদ্ধ থাকে, তাহার দ্বারা উপরিস্থ লোকেরদিগকে সঙ্কেতদ্বারা আপনাকে নামাইতে অথবা উঠাইতে কিম্বা স্থানান্তর করিতে জ্ঞাত করে. স্থানান্তর হওয়া অতিসঙ্কটময়, যেহেতুক কখনং প্রস্তর খসিয়া

on his head and would infallibly destroy him, were it not protected by a strong thick hat: even that is found unequal to save him against the weight of the large fragments of rock. The dexterity of the fowlers is amazing; they will place their feet against the front of the precipice, and draw themselves some fathoms from it; with a cool eye survey the places the birds nestle in, and again shoot into their haunts. In some places the birds lodge in deep recesses. The fowler will alight there, disengage himself from the rope, fix it to a stone, and at his leisure collect the booty, fasten it to his girdle, and resume his pendulous seat. At times he will again spring from the rock, and in that attitude, with a fowling net placed at the end of a staff, will catch the old birds which are flying to and from their retreats. When he has finished his dreadful employ, he gives a signal to his friends above, who pull him up, and share the hard-earned profit. The feathers are preserved for exportation; the flesh is partly eaten fresh, but the greater portion dried for winter provision.

The fowling from below has its share of danger. The party goes on the expedition in a boat, and when it has attained the base of the precipice, one of the most daring, having fastened a rope about his waist, and furnished himself with a long pole with an iron hook at one end, either climbs or is thrust up by his companions, who place a pole under his breech, to the

তাহার মস্তকে পড়ে, এবং যদি তাহার মস্তকে শক্ত ও মোটা টুপী না থাকে তবে তাহার নিশ্চয় নাশ হয়. পর্ব্বতের বৃহৎ পুস্তর পতন হইলে সে টুপীতেও তাহার রক্ষা হয় না. পক্ষিধারকেরদের নৈপুণ্য আশ্চর্য্য, তাহারা পর্ব্বতের গুহার সম্মুখে আপনং চরণদ্বারা আপনারদিগকে ঠেলিয়া আট দশ হস্তপর্য্যন্ত বাহিরে যায়, এবং নিশ্চল চক্ষুর্দ্বারা পক্ষির বাসা দেখিয়া সেই ঝোঁকদ্বারা গুহাতে প্রবিষ্ট হয়. কোনং স্থানে অতিঘোর গহ্বরে পক্ষির বাসা থাকে, সেইখানে পক্ষিধারকেরা নামে, এবং রজ্জু আপন শরীরহইতে খুলিয়া প্রস্তরে বান্ধে, অপর নিরুদ্বেগে পক্ষি ধরিয়া আপন কোমরে বান্ধে, এবং পুনর্ব্বার সেই রজ্জু অবলম্বন করে. কোনং সময়ে পর্ব্বতে চরণাঘাতের ঝোঁকে বাহিরে আইসে, এবং লাঠীর মুখে বদ্ধ জালদ্বারা বাসাহইতে উড্ডীয়মান প্রাচীন পক্ষিরদিগকে ধরে. যখন সে অতিশয় দুষ্কর কর্ম্ম সমাপ্ত হয়, তখন উপরিস্থিত আপন সঙ্গিরদিগকে চিহ্ন দেখাইলে তাহারা সেইস্থান হইতে তাহাকে টানিয়া লয়, এবং সেই অসমসাহস লব্ধ অর্থ বিভাগপূর্ব্বক গ্রহণ করে. অন্য দেশে পোরণার্থে পক্ষির পক্ষ প্রস্তুত করিয়া রাখে, ও তাহার মাংস কতক সদ্য ভোজন করে, অবশিষ্ট শীতকালের কারণ শুষ্ক করিয়া রাখে।

নীচে যাহারা পক্ষী ধরে সেও সঙ্কটযুক্ত. পক্ষিধারকেরা নৌকারোহণপূর্ব্বক ভ্রমণ করে, এবং তাহারা পর্ব্বতের অধিত্যকার নীচে পর্য্যন্ত পঁহুছিলে, তাহারদের মধ্যে অতিসাহসী এক জন আপন কোমরে রজ্জু বান্ধিয়া, এবং বক্রাগ্রকোনরূপ লম্বা দণ্ড

next footing spot he can reach. He by means of the rope brings up one of the boat's crew; then the rest are drawn up in the same manner, and each has a staff. They then continue their progress upwards in the same manner, till they arrive at the region of the birds, and wander about the face of the cliff in search of them. They then act in pairs: one fastens himself to the end of his associate's rope, and in places where birds have nestled beneath his footing, he permits himself to be lowered down, depending for his security on the strength of his companion, who has to haul him up again; but it sometimes happens that the person is overpowered by the weight, and both inevitably perish. They fling the fowls into the boat which attends their motions, and receives the booty. They often pass seven or eight days in this tremendous employ, and lodge in the crannies which they find in the face of the precipice.

হস্তে লইয়া বৃক্ষারোহণ করণের মত পর্ব্বতারোহণ করে অথবা সঙ্গিরদের কর্ত্তৃক উত্থাপিত হয়, ঝিঙ্কিং উর্দ্ধে উঠিলে সঙ্গিরা তাহাকে কোন ঢেকুনোর দ্বারা উপরে উঠায় যে পর্য্যন্ত দাঁড়াইবার স্থানে পঁহুছে. তাহারপর সে ব্যক্তি সেখান হইতে রজ্জুদ্বারা এক সঙ্গীকে আকর্ষণ করিয়া উপরে তোলে, এবং ঐ দুই জন ক্রমেং আর সকলকে দণ্ডসহিত টানিয়া উঠায়. ইহার পরে পূর্ব্বোক্ত রীতি ক্রমে আরো উপরে উঠে যেপর্য্যন্ত পক্ষিস্থানে পঁহুছে. তাহারা সেখানে ইতস্ততঃ পক্ষি অন্বেষণ করিয়া বেড়ায়; অপর তাহারা দুইং জন করিয়া পক্ষি ধরিতে যায়. পরে ঐ দুই জনের এক জন কোমরে রজ্জু বান্ধিয়া ঝুলিয়া পড়ে, অপর ব্যক্তি সেই দড়ি ধরিয়া উপরে থাকে; ঐ ব্যক্তি ঝুলিতেং পক্ষি অন্বেষণ করে; এবং উপরিস্থ সঙ্গির হস্তে তাহার প্রাণ দোলায়মান থাকে. কখনওং এমত সঙ্কট হয় যে উপরিস্থ লোক ভার সহিতে না পারিয়া দুই জনে পড়িয়া মরে. তাহার নীচে তাহারদের সঙ্গেং নৌকা থাকে, তাহারা যেমন পক্ষি ধরে তেমনি ঐ নৌকাতে নিক্ষেপ করে. তাহারা এইরূপ সঙ্কটময় কর্ম্মে পর্ব্বতের গুহাতে পাঁচ সাত দিন কালক্ষেপ করে, ও রাত্রিতে পর্ব্বতের মধ্যে বাস করে.